

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
টি ও-১ অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ: ১২ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ/২৫ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ১০২-আইন/২০১৯—Trade Organisations Ordinance, 1961 (Ordinance No. XLV of 1961) এর section 23 তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত বিধিমালায়—

(ক) বিধি ৫ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৪) ফেডারেশনে নিম্নরূপ ৪ (চার) প্রকারের সদস্য থাকিবে, যথা :—

(অ) চেম্বার গ্রুপ সদস্য, যাহাতে সকল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এবং চেম্বার অব ইন্ডাস্ট্রি অন্তর্ভুক্ত হইবে;

(আ) এসোসিয়েশন গ্রুপ সদস্য, যাহাতে সকল এসোসিয়েশন (বাংলাদেশ ভিত্তিক) অন্তর্ভুক্ত হইবে;

(ই) এসোসিয়েট সদস্য, যাহাদের সদস্য ভুক্তির শর্তসমূহ ফেডারেশনের সংঘবিধি দ্বারা নির্ধারিত হইবে; এবং

(ঈ) কর্পোরেট সদস্য, যাহাদের সদস্য ভুক্তির শর্তসমূহ ফেডারেশনের সংঘবিধি দ্বারা নির্ধারিত হইবে।”;

(১৫০০৯)

মূল্য : টাকা ৪.০০

(খ) বিধি ২২ এর উপ-বিধি (৫) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৫) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(৫) পরিচালক পদে নির্বাচনের ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে ফেডারেশনের বোর্ড অব ডাইরেক্টরস এর ১ (এক) জন সভাপতি, ১ (এক) জন সিনিয়র সহ-সভাপতি এবং ৬ (ছয়) জন সহ-সভাপতি উক্ত বোর্ড অব ডাইরেক্টরস এর পরিচালকগণ দ্বারা নির্বাচিত হইবেন এবং সিনিয়র সহ-সভাপতি ও সহ-সভাপতিগণের দায়িত্ব ও কার্যপরিধি ফেডারেশনের বোর্ড অব ডাইরেক্টরস কর্তৃক নির্ধারিত হইবে।”।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মিরাজুল ইসলাম উকিল
উপসচিব।